

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
গবেষণা শাখা  
ঢাকা

নং-পম/গবেষণা/বিআইআইএসএস/ভিজিট-০১(অংশ-১)/২০১৬/২৫২

তারিখঃ ১০ ডিসেম্বর ২০১৭

প্রেরকঃ সিনিয়র সহকারী সচিব (গবেষণা)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ চেয়ারম্যান, বোর্ড অব গভর্নরস্  
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)  
১/৪৬ পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর বোর্ড অব গভর্নরস্-এর চেয়ারম্যান রাষ্ট্রদূত মুন্সী ফয়েজ আহমদ-এর অনুকূলে আগামী ১৩-১৪ ডিসেম্বর ২০১৭ তারিখ সিঙ্গাপুর-এ অনুষ্ঠিতব্য 'Myanmar-Bangladesh Track II Meeting'-এ যোগদানের জন্য সরকারি অনুমোদন।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর বোর্ড অব গভর্নরস্-এর চেয়ারম্যান, রাষ্ট্রদূত মুন্সী ফয়েজ আহমদ-এর অনুকূলে তার স্ত্রী ফাহিমদা লাজুল আহমেদ সহ আগামী ১৩-১৪ ডিসেম্বর ২০১৭ তারিখে সিঙ্গাপুর-এ Centre for Humanitarian Dialogue (HD)-এর উদ্যোগে অনুষ্ঠিতব্য 'Myanmar-Bangladesh Track II Meeting'-এ যোগদানের জন্য সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। সফরের শর্তাবলী নিম্নরূপঃ

ক) সফরকালীন সময়ে তিনি সরকারি কাজে নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং বিধি অনুযায়ী পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। বেতন/ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

খ) উক্ত সভায় যোগদানের জন্য তিনি আগামী ১২ ডিসেম্বর ২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে সিঙ্গাপুর-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং সভা শেষে আগামী ১৫ ডিসেম্বর ২০১৭ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করবেন।

গ) উল্লিখিত সভায় যোগদানের জন্য আয়োজনকারী কর্তৃপক্ষ BISS-এর বোর্ড অব গভর্নরস্-এর চেয়ারম্যান-এর অনুকূলে ভ্রমণ এবং আবাসনের ব্যয়ভার বহন করবে। এছাড়াও ভ্রমণ সংক্রান্ত বিধি মোতাবেক বর্ণিত কর্মকর্তা বহির্গমনের জন্য নির্ধারিত হারে টার্মিনাল চার্জ, ট্রানজিট ভাতা ও অন্যান্য ভাতা প্রাপ্য হবেন যা BISS-এর বাজেটের সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা হবে। BISS-এর বোর্ড অব গভর্নরস্-এর চেয়ারম্যান তার স্ত্রী-এর ব্যয়ভার ব্যক্তিগতভাবে নিজে বহন করবেন এবং এতে বিআইআইএসএস-এর কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আপনার একান্ত,

মঞ্জুরী মনোয়ারা

(মঞ্জুরী মনোয়ারা)

সিনিয়র সহকারী সচিব (গবেষণা)

ফোন-৯৫৫৪১১৫

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

০২। মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।

০৪। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

০৫। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।

০৬। উপ-পরিচালক (প্রশাসন), বিআইআইএসএস, ঢাকা।

০৭। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৮। অফিস কপি।

মঞ্জুরী মনোয়ারা

(মঞ্জুরী মনোয়ারা)

সিনিয়র সহকারী সচিব (গবেষণা)